# ২০২১

## চতুর্থ সেমেস্টার

## বাংলা - সাধারণ

**পত্র : SEC-B-2**

**(ব্যবহারিক বাংলা-২)**

**পূর্ণমান - ৮০**

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) নীচের বিষয়টি নিয়ে অনধিক ৩০০ শব্দে শিরোনাম ও উপসংহারসহ গল্প রচনা করো। ১০

'অতি চালাকের গলায় দড়ি'।

*অথবা,*

(খ) নীচের বিষয়টি অবলম্বন করে কমবেশি ৩০০ শব্দে একটি প্রবন্ধ রচনা করো। ১০

ঘূর্ণিঝড় আম্ফান।

২। (ক) বাংলা বানানের বিবর্তনের ইতিহাসে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের 'বর্ণপরিচয়' গ্রন্থের ভূমিকা পর্যালোচনা করো। ১০

*অথবা,*

(খ) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি বাংলা তৎসম ও তদ্ভব শব্দের বানানের ক্ষেত্রে কী কী নিয়ম নির্দেশ করেছে তা আলোচনা করো। ১০

৩। (ক) রোমীয় বর্ণমালা (Roman Alphabet) কী? এই বর্ণমালার প্রয়োজনীয়তা আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) নীচের অনুচ্ছেদটি আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো — ১০

"দিদি তোমাকে একটা হালের খবর বলি। প্যারিস শহরের অল্প একটু দূরে ছিল তাঁর ছোটো বাসাটি। বাড়ির কর্তার নাম পিয়ের শোপ্যাঁ। তাঁর সারাজীবনের শখ ছিল গাছপালার জোড় মিলিয়ে, রেণু মিলিয়ে, তাদের চেহারা তাদের রঙ, তাদের স্বাদ বদল করে নতুন রকমের সৃষ্টি করা।"

৪। ***যে-কোনো ছয়টি*** সংক্ষেপে আলোচনা করো। ৫×৬

(ক) ব্যক্তিগত প্রবন্ধের রচনাবৈশিষ্ট্য

(খ) ছোটগল্পের বৈশিষ্ট্য

(গ) বিদেশি শব্দের বানানবিধি

**Please Turn Over**

(ঘ) বাংলা বানানের ক্ষেত্রে উচ্চারণের সমস্যা

(ঙ) রোমীয় বর্ণমালা ও আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার সাদৃশ্য ও বৈসাদৃশ্য

(চ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার দুটি মূল নীতি বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।

(ছ) 'ন' (দন্ত্য-ন) ও 'ণ' (মূর্ধন্য ণ)-এর ব্যবহারবিধি

(জ) বানানগুলির শুদ্ধ রূপটি চিহ্নিত করো —

ব্যাবহার / ব্যবহার ; পৌরহিত্য / পৌরোহিত্য ; সমীচীন / সমীচিন ; মুমুর্ষু / মুমূর্ষু ; কৃষিজীবি / কৃষিজীবী।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×২০

(ক) 'অনুগল্প' কাকে বলে?

(খ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি প্রবন্ধের নাম লেখো।

(গ) মানিক বন্দ্যোপাধ্যায় রচিত একটি গল্পের নাম লেখো।

(ঘ) 'রাম' শব্দটি রোমীয় বর্ণমালায় লিপ্যন্তর করো।

(ঙ) ইংরেজিতে I.P.A-র পূর্ণ রূপটি লেখো।

(চ) 'সংক্রান্তি' শব্দটি I.P.A.-তে লেখো।

(ছ) 'ঙ' এবং 'ং' (অনুস্বার) ব্যবহারের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি কী নির্দেশ দিয়েছে?

(জ) রেফ ('ˊ')-এর নীচে দ্বিত্ব ব্যবহারের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি কী নির্দেশ দিয়েছে?

(ঝ) উনিশ শতকের দু-জন মনীষীর নাম করো যাঁরা বাংলা বানান বিষয়ে তাঁদের অভিমত প্রকাশ করেছেন।

(ঞ) বাংলা শব্দভাণ্ডারে কোন কোন শ্রেণির শব্দ আছে?

(ট) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি বানানবিধি কত সালে চালু হয়?

(ঠ) কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম বানান সংস্কার কমিটি কত সালে গঠিত হয়?

(ড) অর্ধতৎসম শব্দের ক্ষেত্রে 'ই' বা 'ঈ' কোনটি ব্যবহার করা বিধেয় বলে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি নির্দেশ করেছে?

(ঢ) রোমীয় বর্ণমালায় 'আ' ধ্বনিটি কীভাবে লিখিত হয়?

(ণ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা অনুসারে 'শ্' ধ্বনিটি কীভাবে লিখিত হয়?

(ত) প্রবন্ধ কাকে বলে?

(থ) প্রবন্ধের ভাষা কেমন হওয়া উচিত বলে তুমি মনে করো?

(দ) 'ঈশপের' (Aesop) গল্পগুলি কোন শ্রেণিতে পড়ে?

(ধ) বঙ্কিমচন্দ্রের লেখা একটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।

(ন) বাংলা বর্ণমালায় আছে অথচ আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় নেই এমন একটি বর্ণের নাম করো।